# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

তারিখ ঃ ০৮ আগস্ট ২০২৬

সূত্রঃ মাভাবিপ্রবি/পিএইচ.ডি./এম.ফিল/ভ.বি./১৩২/২০২৬

২৪ শ্রাবণ ১৪৩৩

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে পিএইচডি/এমফিল প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদের অধীনে নিম্নলিখিত বিভাগে পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তিচ্ছুক প্রার্থীদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| | |
|---|---|
| ইঞ্জিনিয়ারিং অনুষদ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ। |
| লাইফ সায়েন্স অনুষদ | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ, ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগ, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ফার্মেসী বিভাগ, বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ। |
| সায়েন্স অনুষদ | রসায়ন বিভাগ, গণিত বিভাগ, পদার্থবিজ্ঞান বিভাগ, পরিসংখ্যান বিভাগ। |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | অর্থনীতি বিভাগ। |

**পিএইচডি প্রোগ্রামে আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ**

ক) এমফিল ডিগ্রী অথবা থিসিসসহ এমএস/এমএসসি/এমএসসি (ইঞ্জিঃ)/এমফার্ম/এমএসএস/এমবিএ/এমকম/এমএড ডিগ্রী; অথবা

খ) এমএস/এমএসসি/এমইঞ্জিঃ/এমফার্ম/এমএসএস/এমবিএ/এমকম/এমএড ডিগ্রী (নন-থিসিস) এবং কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়/সংশ্লিষ্ট বিষয়ে কোন প্রতিষ্ঠানে দুই (০২) বছরের সক্রিয় গবেষণার অভিজ্ঞতা; অথবা

গ) এমএস/এমএসসি/এমইঞ্জিঃ/এমফার্ম/এমএসএস/এমবিএ/এমকম/এমএড ডিগ্রী (নন-থিসিস) এবং কোন Scopus /ISI/Web of Science Idexed জার্নালে কমপক্ষে একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

ঘ) উপরে বর্ণিত সকল ধরনের প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শুধুমাত্র সায়েন্স অনুষদের অধীন বিভাগসমূহে এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তিচ্ছুক প্রার্থীদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**এমফিল প্রোগ্রামে আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ**

ক) থিসিসসহ এমএস/এমএসসি/এমএসসি (ইঞ্জিঃ) ডিগ্রী; অথবা

খ) এমএস/এমএসসি/এমইঞ্জিঃ ডিগ্রী (নন-থিসিস) এবং কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে দুই (০২) বছরের সক্রিয় গবেষণার অভিজ্ঞতা; অথবা

গ) এমএস/এমএসসি/এমইঞ্জিঃ ডিগ্রী (নন-থিসিস) এবং কোন স্বীকৃত মানের (Peer-reviewed) জার্নালে কমপক্ষে একটি প্রকাশনা থাকতে হবে।

ঘ) উপরে বর্ণিত সকল ধরনের প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

**প্রয়োজনীয় তথ্যাদিঃ**

০১। অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.mbstu.ac.bd অথবা সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তির আবেদন পত্র সংগ্রহ করা যাবে।

০২। আবেদন ফরম এর সাথে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ এ ২০০০/= (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৩। আবেদন ফরম এর সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি এবং সকল পরীক্ষার পাশের সনদপত্র, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৪। শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।

০৫। চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ডিগ্রীকালে কমপক্ষে এক (০১) বছর ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়ন জমা দিতে হবে।

০৭। এক কপি গবেষণা Synopsis জমা দিতে হবে।

০৮। প্রার্থী ইতিপূর্বে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে উল্লেখিত প্রোগ্রামে ভর্তি হয়ে থাকলে, ভর্তির সময় উক্ত ভর্তি বাতিলের প্রমাণপত্র জমা দিতে হবে।

০৯। প্রার্থীদের ১৫/০৮/২০২৬ তারিখ হতে ১৪/০৯/২০২৬ তারিখের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(প্রফেসর সাজ্জাদ ওয়াহিদ, পিএইচডি)
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)
মাভাবিপ্রবি।

09/08/26